গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৩০১ তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন ০৯ টি আঞ্চলিক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপিরকল্পনা (২০২১-২২) এর উপর একটি ফিডব্যাক ভার্চুয়াল সভা ০৮ আগষ্ট ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মহাপরিচালক প্রফেসর ড.সৈয়দ মো. গোলাম ফারুক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট-ক) সভার শুরুতে পরিচালক প্রশিক্ষণ মহোদয় সভার অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) জনাব মোঃ আনোয়ারুল আউয়াল খান কে অনুরোধ করেন। সভার সভাপতির অনুমোদনক্রমে সহকারী পরিচালক সভাকে অবহিত করেন যে,আমাদের ০৯টি অঞ্চল হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন করে ই-মেইলের মাধ্যমে অত্র অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সভায় ০৯ টি অঞ্চলের কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।সভায় উপস্থিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কমিটির সদস্য সচিব জনাব আশেকুল হক সহকারী পরিচালক সভাকে অবহিত করেন যে, এইবছর থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা থেকে ১০ (দশ) নম্বর যোগ হবে সুতরাং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। পরিচালক প্রশিক্ষণ মহোদয় সভায় বলেন,জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে সেলক্ষ্যে সকল পরিচালক মহোদয়গণ তাদের স্ব স্ব দপ্তরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করবেন। সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) প্রতিটি অঞ্চলসমূহকে তাদের আওতাধীন দপ্তর সমূহের সাথে ফিডব্যাক সভা আয়োজনের বিষয়ে মতামত প্রদান করেন। সভার অন্যান্য সদস্যগণ তাতে একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগ্রহণ করা হয়।

সিদ্ধান্ত: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অঞ্চলসমূহ তাদের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) ফিডব্যাক সভার আলোকে যাচাই-বাছাই করে ই-মেইলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।

২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিটি অঞ্চল তাদের আওতাধীন দপ্তর সমূহের সাথে ফিডব্যাক সভা আয়োজন করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা/-
( প্রফেসর ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৩০১ তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১ আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৩.সংরক্ষণ নথি

৩১/০৮/২০২১
(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা